

অক্টোবর ১৯৮৮
পৃষ্ঠা ৬
কলাপুর

০৪৮

বেসরকারী কলেজ শিক্ষকদের সভা

রাজশাহী, ১৮ই অক্টোবর (নিম্ন
সংবাদদাতা)।— বাংলাদেশ বেসরকারী
কলেজ শিক্ষক সমিতির সভাপতি ও
বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের
মহাসচিব এ কে এম শহীদুল্লাহর নেতৃত্বে
রাজশাহী জেলার বেসরকারী কলেজ
শিক্ষকদের দাবী-দাওয়া আদায়ের
উদ্দেশ্যে সম্প্রতি শাহ মখদুম কলেজে
এক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

শাহ মখদুম কলেজের অধ্যক্ষ মোঘল
সোহরাবুল আহসানের সভাপতিত্বে উক্ত
সভায় প্রধান অতিথি ছিলেন বাকশিস
কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ও
মঙ্গলবাড়ী কলেজের অধ্যক্ষ সিরাজ
আনোয়ার হায়দার।

আলোচনায় অংশ নেন বানেশ্বর
কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ,
সরদহ কলেজের অধ্যক্ষ আমিরুল
ইসলাম, শাহ মখদুম কলেজের সহকারী
অধ্যাপক শরীফুল ইসলাম, প্রেমতলী
কলেজের সহকারী অধ্যাপক শীশ
মোহাম্মদ, বরেন্দ্র কলেজের জনাব
মুরাদুজ্জামান, সরদহ কলেজের সহকারী
অধ্যাপক জনাব গোলাম কুদুম প্রমুখ।

সাধারণ সভায় 'রাজশাহী' জেলার
১৪টি কলেজের ১২০ জন অধ্যক্ষ,
অধ্যাপক ও প্রভাষক উপস্থিত ছিলেন।
সভায় শাহ মখদুম কলেজের অধ্যক্ষ
মোঘল সোহরাবুল আহসানকে সভাপতি
ও প্রেমতলী কলেজের সহকারী অধ্যাপক
জনাব শীশ মোহাম্মদকে সাধারণ
সম্পাদক করে ২৭ সদস্যবিশিষ্ট বাকশিস
রাজশাহী জেলার অস্থায়ী কমিটি গঠন
করা হয়।

এতে গৃহীত এক প্রস্তাবে বেসরকারী
কলেজসমূহকে নির্দিষ্ট সময়ের মধ্যে
জাতীয়করণ এবং অন্তর্ভৌকালীন জাতীয়
বেতন ক্ষেত্র চালু করে শতকরা ১০০
ভাগ হারে বেতন ও বর্ধিত হারে বাড়ী
ভাড়া প্রদানের দাবী জানানো হয়।